

প্রথম আলো

নারী উদ্যোক্তাদের উন্নয়নে কাজ করবে ফুলব্রাইট প্রোগ্রাম ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়

প্রথম আলো ডেস্ক

প্রকাশ: ২৬ মে ২০২২



অনুষ্ঠানে ঢাকায় মার্কিন দূতাবাস ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা। ছবি: বিজ্ঞপ্তি

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস ছয় বছর পর ইউএস ফুলব্রাইট প্রোগ্রাম আবার শুরুর ঘোষণা দিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে 'একাডেমি

ফর উইমেন এন্ট্রাপ্রেনিউরস (এডব্লিউই) কার্যক্রম পরিচালনার উদ্বোধন ঘোষণা করেছেন।

ঢাকায় মার্কিন দূতাবাস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গতকাল বুধবার আয়োজিত এক অনুষ্ঠানে এ ঘোষণা দেওয়া হয়। এডব্লিউই হলো যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের একটি বৈশ্বিক উদ্যোগ, যা একটি দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ এবং স্থানীয় নারী উদ্যোক্তা, বিশেষ করে সুবিধাবঞ্চিত ও পশ্চাৎপদ পটভূমি থেকে আসা নারীদের এগিয়ে যেতে ও উন্নতিতে সহায়তা করে থাকে।

এ অনুষ্ঠানে অন্যতর মধ্যে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), প্রতিষ্ঠিত ও উদীয়মান উদ্যোক্তা এবং সরকারি ও বেসরকারি খাতের বিশিষ্ট ব্যবসায়িক-পেশাজীবীরা অংশগ্রহণ করেন।

ফুলব্রাইট প্রোগ্রাম হলো যুক্তরাষ্ট্র সরকারের একটি গুরুত্বপূর্ণ ফ্ল্যাগশিপ এক্সচেঞ্জ কর্মসূচি, যা যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জনগণের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ককে আরোও জোরদার ও প্রসারিত করে। দুই দেশের মধ্যে শিক্ষার ক্ষেত্রে যোগসূত্র স্থাপন ও বিস্তৃত করে। স্টেট ডিপার্টমেন্টের এক্সচেঞ্জ প্রোগ্রামে চার হাজারের বেশি সাবেক শিক্ষার্থী আছেন, যাঁদের মধ্যে ৬৫০ বাংলাদেশি ফুলব্রাইট এক্সচেঞ্জ প্রোগ্রামের আওতায় যুক্তরাষ্ট্রে গেছেন এবং ২৫০ জনের বেশি আমেরিকান বাংলাদেশে গবেষণা করেছেন অথবা শিক্ষাদান করেছেন। এভাবেই বাংলাদেশে যুক্তরাষ্ট্র দূতাবাস বাংলাদেশের শিক্ষার্থী, শিক্ষক ও স্কলারদের জন্য একাডেমিক ও পেশাদারত্বের বিকাশ ও উন্নয়নের সুযোগ করে দিয়ে বাংলাদেশে মানসম্মত শিক্ষা বিস্তার নিশ্চিত করার ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতি পূরণ অব্যাহত রেখেছে।

হোলি আর্টিজান বেকারিতে ২০১৬ সালে সংঘটিত হামলার পর সাময়িকভাবে বন্ধ হয়ে যাওয়া ইউএস ফুলব্রাইট প্রোগ্রাম যুক্তরাষ্ট্র দূতাবাস ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অংশীদারত্বের ভিত্তিতে আবারও চালু করেছে। যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট স্পেশালিস্ট শ্যারন হার্ট ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্কুলের (বিবিএস) সঙ্গে কাজ করার মাধ্যমে বিবিএসের উইমেন এমপাওয়ারমেন্ট সেন্টারের (নারীর ক্ষমতায়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত) নারী উদ্যোক্তা ও নেতৃত্ব-বিষয়ক প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়নে সহায়তা করবেন। এ সময়ে তিনি নারীর সামাজিক লিঙ্গপরিচয় (জেন্ডার) ও নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন-বিষয়ক গবেষণার প্রশ্নাবলি তৈরি এবং কর্মশালা পরিচালনায় গবেষক ও বিবিএস অনুষদের সদস্যদের সামর্থ্য বৃদ্ধিতেও কাজ করবেন। ইউএস ফুলব্রাইট প্রোগ্রামের পুনরারম্ভ যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যকার কূটনৈতিক সম্পর্কের ৫০তম বার্ষিকী উদ্‌যাপনের ক্ষেত্রে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

যুক্তরাষ্ট্র দূতাবাস একাডেমি ফর উইমেন এন্ট্রাপ্রেনিউরস (এডব্লিউই) কর্মসূচির মাধ্যমে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় যৌথভাবে বাংলাদেশে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ ও উন্নয়নে এ দেশের তরুণী উদ্যোক্তাদের সঙ্গে কাজ করবে। এই প্রথমবারের মতো একটি বাংলাদেশি বিশ্ববিদ্যালয়ে এডব্লিউই কর্মসূচি বাস্তবায়িত হতে যাচ্ছে, যার মাধ্যমে ৫০ নারী উদ্যোক্তা সফল ব্যবসায়ীদের তত্ত্বাবধানে ব্যবসার বাস্তবিক চ্যালেঞ্জগুলো সফলভাবে মোকাবিলার কলাকৌশল শেখার সুযোগ পাবেন। এই এডব্লিউই প্রকল্প যুক্তরাষ্ট্রের সামাজিক লিঙ্গপরিচয়ের ন্যায্যতা ও সমতা-বিষয়ক জাতীয় কর্মকৌশল 'ইউএস ন্যাশনাল স্ট্র্যাটেজি অন জেন্ডার ইকুইটি অ্যান্ড ইকুয়ালিটি' বাস্তবায়নে প্রত্যক্ষভাবে সহায়তা করবে।

এডব্লিউই প্রোগ্রাম সম্পর্কে এই [লিংক](#) থেকে জানা যাবে। ফুলব্রাইট প্রোগ্রাম সম্পর্কে জানতে এই [লিংকে](#) ক্লিক করতে হবে। বিদেশি শিক্ষার্থীদের জন্য ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রাম সম্পর্কে এই [লিংকে](#), বিদেশি ভাষা শিক্ষা সহায়তা কর্মসূচি-সংক্রান্ত ফুলব্রাইট ফরেন ল্যাঙ্গুয়েজ টিচিং অ্যাসিস্ট্যান্ট (এফএলটিএ) প্রোগ্রাম সম্পর্কে এই [লিংকে](#) এবং শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্র দূতাবাস ও যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে পরিচালিত শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করার অন্যান্য সুযোগ সম্পর্কে এই [লিংক](#) থেকে জানতে পারবেন।